ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০২২

ধর্মনগর, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে ধর্মনগরে স্বাস্থ্য শিবির**

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম কর্মসূচিতে গতকাল ধর্মনগরের আলগাপুর নিম্নবুনিয়াদী বিদ্যালয়ে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শনিছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য শিবিরে ৭৫ জন শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শনিছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডা. সংহিতা চৌধুরী শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করেন। কয়েকজন শিশুর ত্বকের সমস্যা ও দাঁতের সমস্যা চিহ্নিত করে তাদের চিকিৎসায় জেলা হাসপাতালে পাঠানো হয়। এছাড়াও শিবিরে সুস্থ নারী সশক্ত পরিবার কর্মসূচি সম্পর্কে আলোচনা করা হয়।

******